

# দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওমানদার হোসেন মামুন মিয়া

## শিক্ষা ব্যবস্থা জাতীয়করণের দাবিতে বিভিন্ন স্থানে বিক্ষোভ

🕒 ১৩ মার্চ, ২০১৮ ইং ০০:০০ মিঃ



ইত্তেফাক ডেস্ক

বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা, শিক্ষক ও কর্মচারীদের জাতীয়করণসহ ১১ দফা দাবিতে গতকাল সোমবার বিভিন্ন স্থানে বিক্ষোভ মিছিল ও সমাবেশের আয়োজন করা হয়েছে। এছাড়া ধর্মঘট পালনেরও খবর পাওয়া গেছে। ইত্তেফাকের স্থানীয় প্রতিনিধি ও সংবাদদাতার পাঠানো খবর।

গোপালগঞ্জ: জাতীয়করণের দাবিতে গতকাল স্বর্ণকলি উচ্চ বিদ্যালয় থেকে বাংলাদেশ শিক্ষক সমিতি গোপালগঞ্জ জেলা শাখার পক্ষ থেকে বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে সেখানে বাংলাদেশ শিক্ষক সমিতি গোপালগঞ্জ জেলা শাখার সভাপতি মো. মাহে আলমের সভাপতিত্বে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন শিক্ষক নেতা মো. জইন উদ্দিন, সরোয়ার হোসেন তালুকদার, আকরামুজ্জামান, রঞ্জন মজুমদার, কাজী ওমর হোসেন, অলিয়ার রহমান প্রমুখ।

বাগেরহাট: জেলায় বেসরকারি শিক্ষক-কর্মচারীরা শিক্ষাব্যবস্থা জাতীয়করণের ১১ দফা দাবিতে শিক্ষক-কর্মচারীদের ৯টি সংগঠন বিক্ষোভ কর্মসূচি পালন করে। ঢাকায় ১৪ মার্চ মহাসমাবেশকে সামনে রেখে গতকাল দুপুরে বাগেরহাট কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটির ব্যানারে এই কর্মসূচি পালন করা হয়। বাংলাদেশ শিক্ষক সমিতি, কলেজ শিক্ষক সমিতি, কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, কারিগরি কলেজ শিক্ষক সমিতিসহ সর্বমোট ৯টি সংগঠনের নেতৃবৃন্দ এই কর্মসূচিতে অংশ নেয়। বিক্ষোভ সমাবেশ চলাকালে বক্তব্য দেন শিক্ষক সমিতির বাগেরহাট জেলা শাখার সাধারণ সম্পাদক ও শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটির আহ্বায়ক সমন্বয়কারী মুকুন্দ কুমার দাস, বাগেরহাট সদর উপজেলার আহ্বায়ক হুমায়ুন কবির প্রমুখ।

নেত্রকোনা: শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটি নেত্রকোনা জেলা শাখার উদ্যোগে গতকাল সাতপাই আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয় থেকে একটি বিশাল বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসক কার্যালয়ের সামনে এসে শেষ হয়। পরে মোক্তারপাড়া পুরতান কালেক্টরেট ভবন প্রাঙ্গণে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন নেত্রকোনা জেলা শিক্ষক সংগ্রাম পরিষদের সংগ্রাম কমিটির আহ্বায়ক লুৎফুর হায়দার ফকির, সদস্য সচিব আজাহারুল হক তুহিন, কেন্দ্রীয় নেত্রী আয়শা আক্তার প্রমুখ।

ব্রাহ্মণবাড়িয়া: জেলা শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটির উদ্যোগে গতকাল শিক্ষা ব্যবস্থা জাতীয়করণসহ ১১ দফা দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। স্থানীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত সমাবেশে সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি শামসুজ্জামান আশরাফীর সভাপতিত্বে ও শিক্ষক নিয়াজ মোহাম্মদ কাজলের সঞ্চালনায় বক্তব্য রাখেন সংগঠনের সাধারণ সম্পাদক মো. শহীদুল ইসলাম, সদর উপজেলা শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ সাহেদ আলী, বিজয়নগর উপজেলা কমিটির সাধারণ সম্পাদক মো. জিয়াউর রহমান চৌধুরী, আখাউড়া উপজেলার সভাপতি কাজী মো. তারেক প্রমুখ। বক্তারা আগামী ১৪ মার্চ বুধবার ঢাকা কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে সমাবেশ সফল করতে সকলের প্রতি আহ্বান জানান।

বামনা (বরগুনা): জেলার বামনায় তিনটি কলেজ ও ১০টি মাধ্যমিক স্কুলের শিক্ষক-কর্মচারীদের ধর্মঘট চলছে। গত ১১ মার্চ থেকে শিক্ষকরা ক্লাস বর্জন করে অফিস কক্ষে অবস্থান করছে। কর্মচারীরা দায়িত্বপালন থেকে বিরত রয়েছে। এ ব্যাপারে উপজেলা শিক্ষক সংগ্রাম পরিষদের আহ্বায়ক বেগম ফায়জুন্নেসা মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ সৈয়দ মানজুরুর রব মুর্তায়া

আহসান বলেন, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণের দাবিসহ ১১ দফা দাবিতে আমাদের ক্লাস বর্জনসহ ধর্মঘট চলছে। এছাড়া আগামী ১৪ মার্চ ঢাকায় মহাসমাবেশের পর নতুন কর্মসূচি অনুযায়ী আমাদের দাবি আদায়ের সংগ্রাম চলবে।

---

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত